

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ২০, ২০১০

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২০শে ডিসেম্বর, ২০১০/৬ই পৌষ, ১৪১৭

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২০শে ডিসেম্বর, ২০১০(৬ই পৌষ, ১৪১৭) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১০ সনের ৬৪ নং আইন

ভোটার তালিকা আইন, ২০০৯ সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন ভোটার তালিকা (সংশোধন) আইন, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(১০৬১১)

মূল্য : টাকা ২.০০

২। ২০০৯ সনের ৬ নং আইনের ধারা ৮ এর সংশোধন।—ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (৫) এর পর নিম্নরূপ একটি নূতন উপ-ধারা (৬) সংযোজিত হইবে, যথাঃ—

“(৬) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন বাংলাদেশী নাগরিক বিদেশে বসবাস করিলে, তিনি সর্বশেষ যে নির্বাচনী এলাকায় বা ভোটার এলাকায় বসবাস করিয়াছেন অথবা তাহার নিজ বা পৈতৃক বা তবাড়ী যে স্থানে অবস্থিত ছিল বা আছে, তিনি সেই এলাকার অধিবাসী বলিয়া গণ্য হইবেন”।

আশফাক হামিদ
সচিব।